গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
আবহাওয়া ভবন
ই-২৪, আগারগাঁও, ঢাকা- ১২০৭
www.bmd.gov.bd

নম্বর-২৩.০৯.০০০০.১২৭.৩৫.০৩৯.১৯.৬৮৪ তারিখ: ১৪ মাঘ ১৪৩০ / ২৮ জানুয়ারি ২০২৪

# অফিস আদেশ

যেহেতু, জনাব মোহাঃ জুবাইর, নিরাপত্তা প্রহরী (সাময়িকভাবে বরখাস্তকৃত), ১ম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগার, টেকনাফ কর্তৃপক্ষের সাথে কোনোরূপ যোগাযোগ ব্যতিরেকে গত ২৮-০২-২০২২ তারিখ হতে ১৬-০৫-২০২২ তারিখ পর্যন্ত ২(দুই) মাস ১৯(উনিশ) দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এবং ২৮-০২-২০২২ তারিখ ১৮:৪৫ টা সময়ে ঢাকাস্থ কল্যাণপুর বাসস্ট্যান্ড সংলগ্ন মিজান টাওয়ারের সামনে পাকা রাস্তার উপর অবৈধ মাদক দ্রব্য ইয়াবা ট্যাবলেট নিজ হেফাজতে রাখা অবস্থায় মিরপুর মডেল থানা পুলিশ কর্তৃক আটক হয়ে দীর্ঘ সময় জেলহাজতে থাকা সত্ত্বেও জামিনে মুক্ত হয়ে প্রতারণার আশ্রয় নিয়ে প্রকৃত তথ্য গোপন করে কর্মস্থলে অনুপস্থিতকালের জন্য ২৮-০২-২০২২ তারিখ হতে অসুস্থ হয়ে মেরিন সিটি হসপিটাল, এমপি বদি কমপ্লেক্স, হাসপাতাল গেইট, প্রধান সড়ক, টেকনাফ, কক্সবাজারে চিকিৎসাধীন ছিলেন মর্মে উক্ত হাসপাতালের কাগজপত্র অবৈধভাবে জালিয়াতির মাধ্যমে তৈরি করত অফিসে জমা দিয়ে ডাক্তারী সনদবলে ছুটি নেয়ার অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণ (Misconduct) এর অভিযোগে রুজুকৃত ৭/২০২২ নম্বর বিভাগীয় মামলায় ০৮ ডিসেম্বর ২০২২ তারিখের ৭৬৫৯ স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মচারী মোহাঃ জুবাইর ২৬ ডিসেম্বর ২০২২ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আগ্রহ প্রকাশ করলে ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয় এবং শুনানিতে প্রদত্ত তাঁর বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ ২৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ১৭৮৫ নম্বর স্মারকের মাধ্যমে রুজুকৃত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত কর্মচারী জনাব মোহাঃ জুবাইর ২৮-০২-২০২২ তারিখ মিরপুর মডেল থানা পুলিশ কর্তৃক আটক হওয়ার কারণে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি প্রমাণিত এবং অনুপস্থিতকালে সড়ক দুর্ঘটনার কারণে ‘‘ছুটি মঞ্জুরির জন্য ডাক্তারী সনদ সংশ্লিষ্ট ডাক্তার প্রদান করেননি মর্মে মেরিন সিটি হসপিটাল কর্তৃপক্ষ লিখিতভাবে জানিয়েছেন, এতে প্রমাণিত হয় যে, তিনি প্রতারণার আশ্রয় নিয়েছেন’’ মর্মে তদন্ত কর্মকর্তা ০৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ২৪৪৯ নম্বর স্মারকে মতামত প্রদান করেন;

৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’ (Misconduct) এর অভিযোগ প্রমাণিত এবং একই বিধিমালা ৭(৮) বিধি মোতাবেক অভিযুক্ত কর্মচারীকে গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক ৭(৯) বিধি মোতাবেক তাঁকে ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ৭৩১৬ স্মারকমূলে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয় এবং নোটিশে কেন তাঁকে চাকরি হতে ‘অপসারণ’ (Terminate) বা বিধিমালায় বর্ণিত অন্য কোনো গুরুদণ্ড প্রদান করা হবে না তার কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

৫। যেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মোহাঃ জুবাইর ১২ অক্টোবর ২০২৩ তারিখে লিখিতভাবে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন; জবাবে তিনি অভিযোগের বিষয়ে স্বীকার করেন এবং তাঁর বিরুদ্ধে আনীত ও তদন্তে প্রমাণিত অভিযোগের বিপরীতে কোনো সন্তোষজনক বক্তব্য প্রদান করতে সক্ষম হননি; দাখিলকৃত জবাব ও তদন্ত প্রতিবেদন, নথি-পত্রসহ সার্বিক বিষয় পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে আনীত ‘অসদাচরণ’ (Misconduct) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং

৬। সেহেতু, জনাব মোহাঃ জুবাইর, নিরাপত্তা প্রহরী (সাময়িকভাবে বরখাস্তকৃত), ১ম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগার, টেকনাফ-এর বিরুদ্ধে রুজুকৃত এ বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(খ) বিধিমতে গুরুদন্ড হিসেবে চাকরি হতে 'বাধ্যতামূলক অবসর (Force Retirement) প্রদান' করা হলো। একইসাথে এ অধিদপ্তরের ১৬ জুন ২০২২ তারিখে ৩৭২৭ নম্বর স্মারকের মাধ্যমে জারিকৃত সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো এবং তাঁর সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে, তবে ২৮-০২-২০২২ হতে ১৬-০৫-২০২২ তারিখ পর্যন্ত ০২(দুই) মাস ১৯(উনিশ) দিন অসাধারণ ছুটি গণ্য করে বরখাস্তকালীন গৃহীত খোরপোষ ভাতা প্রাপ্য বকেয়া বেতনভাতা হতে সমন্বয়ের আদেশ প্রদান করা হলো।

৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৮/১/২৪

(মোঃ আজিজুর রহমান)
পরিচালক
ফোন: ৪১০২৫৭০৫

নম্বর-২৩.০৯.০০০০.১২৭.৩৫.০৩৯.১৯. ৬৮৪

তারিখ: ১৪ মাঘ ১৪৩০ / ২৮ জানুয়ারি ২০২৪

**অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক এর কার্যালয়, বাড়ী নং- ৬৫/এ-২, রোড নং-৩, নাসিরাবাদ হাউজিং সোসাইটি, চট্টগ্রাম।
২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কক্সবাজার।
৩। উপপরিচালক, আবহাওয়া ও ভূ-প্রাকৃতিক কেন্দ্র, চট্টগ্রাম।
৪। জনাব এস.এম. কামরুল হাসান, আবহাওয়াবিদ, ঝড় সতর্কীকরণ কেন্দ্র,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নির্ভরশীল আবহাওয়া কার্যালয়, কক্সবাজার।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ১ম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগার, টেকনাফ।
৭। ক্যাশ/বাজেট/পেনশন/সাধারণ প্রশাসন/নিরাপত্তা/কেন্দ্রীয় স্টোর, আবহাওয়া সদর দপ্তর, ঢাকা।
৮। ডি.এস মহাশাখা, সদর দপ্তর, ঢাকা।
৯। **বর্তমান কর্মস্থল:** জনাব মোহাঃ জুবাইর, নিরাপত্তা প্রহরী (সাময়িকভাবে বরখাস্তকৃত), ১ম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগার, টেকনাফ।
১০। **স্থায়ী ঠিকানা:** জনাব মোহাঃ জুবাইর, নিরাপত্তা প্রহরী (সাময়িকভাবে বরখাস্তকৃত), পিতা- জহির আহমদ, গ্রাম- অলিয়াবাদ (আবহাওয়া অফিসের সংলগ্ন পূর্ব পাশের বাড়ী), পোঃ- টেকনাফ, উপজেলা- টেকনাফ, জেলা- কক্সবাজার।

২৮/১/২৪

(মোঃ আজিজুর রহমান)
পরিচালক